# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৫২

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ আমরা পূর্বে বর্ণিত ইমাম শু'বাহ বর্ণিত হাদীসের যে ব্যাখ্যা করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِمَعْنَى مَا تَأَوَّلْتُ خَبَرَ شُعْبَةَ الَّذِي ذَكَرْنَاهُ

---

আরবী

3652 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ الْكَلَاعِيُّ بِحِمْصَ حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا شُعَيْبُ بْنُ أَبِي حَمْزَةَ عَنِ الزُّهْرِيِّ أَخْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُسَيِّبِ وَأَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرِو بْنِ الْعَاصِ قَالَ: أُخبرَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَنِّي أَقُولُ: وَاللَّهِ لأصومنَّ النَّهَارَ ولأقومنَّ اللَّيْلَ مَا عِشْتُ فَقُلْتُ لَهُ: قَدْ قُلْتُهُ يَا رَسُولَ اللَّهِ قَالَ: (فَإِنَّكَ لَا تَسْتَطِيعُ ذَلِكَ صُمْ وَأَفْطِرْ وَنَمْ وقُم وصُمْ مِنَ الشَّهْرِ ثَلَاثَةَ أَيَّامٍ فَإِنَّ الْحَسَنَةَ بِعَشْرِ أَمْثَالِهَا وَذَلِكَ مِثْلُ صِيَامِ الدَّهْرِ)

الراوي : عَبْدَ اللَّهِ بْن عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3652 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق الرغيب)) (2/ 83): ق.

বাংলা

৩৬৫২. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জানানো হয় যে, আমি বলেছি, "আল্লাহর কসম, অবশ্যই আমি যতদিন বেঁচে থাকবো, দিনে সিয়াম রাখবো এবং সারা রাত কিয়াম করবো।" অতঃপর (তিনি আমাকে এই সম্পর্কে জিজ্ঞেস করলে) আমি তাঁকে বলি, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এটা আমি বলেছি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "নিশ্চয়ই তুমি এটা করতে পারবে না। তুমি সিয়াম রাখো এবং ছাড়ো। রাতে ঘুমাও এবং কিয়াম করো। প্রত্যেক মাসে তিনটি করে সিয়াম রাখো। কেননা ভালো কাজের ১০ গুণ সাওয়াব দেওয়া হয়। আর তিনটি করে সিয়াম সারা বছর সিয়াম রাখার সমতুল্য।"[1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১৯৭৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৮৬২; মুসনাদ আহমাদ: ২/১৮৭-১৮৮; সহীহুল বুখারী: ৩৪১৮; সহীহ মুসলিম: ১১৫৯; তাহাবী: ২/৮৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ২/৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92988

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন